



পঞ্চম প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির ঘোষণা দিলেন প্রধানমন্ত্রী



সংসদ অধিবেশনে প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

আগামী ১ জুলাই থেকে দেশে পাঁচ বছর মেয়াদি ‘পঞ্চম প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি’ শুরু হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমান। বুধবার জাতীয় সংসদের অধিবেশনে তিনি জানান, প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন ও শিক্ষকদের দক্ষতা বৃদ্ধিতে সরকার বিশেষ গুরুত্ব দিচ্ছে। এ লক্ষ্যকে সামনে রেখে দেশের সব প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ধাপে ধাপে বিশেষ প্রশিক্ষণের আওতায় আনার পরিকল্পনা রয়েছে।

তিনি বলেন, দেশে বর্তমানে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক রয়েছেন ৩ লাখ ৭৬ হাজার ৪৮৯ জন। চলমান ‘চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি’র আওতায় ইতোমধ্যে ১ লাখ ৩০ হাজার শিক্ষককে ইংরেজি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। নতুন কর্মসূচির মাধ্যমে বাকি শিক্ষকরাও পর্যায়ক্রমে একই ধরনের প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন কার্যক্রমে যুক্ত হবেন, যা প্রাথমিক শিক্ষার মান আরও উন্নত করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

এর আগে স্পিকার হাফিজ উদ্দিন আহমেদের সভাপতিত্বে সংসদের কার্যক্রম শুরু হয় এবং দিনের শুরুতেই প্রোগ্রামের পর্ব অনুষ্ঠিত হয়।